FUTURE CULTURE
Connecting Staten Island's Waterfront

# ফিউচার কালচার

## স্টাটেন আইল্যান্ড ওয়াটারফ্রন্ট সংযোগিত

# ফিউচার কালচার: স্টাটেন আইল্যান্ড ওয়াটারফ্রান্ট সংযোগিত

**"সংস্কৃতি এবং প্রবল সক্রিয়তা এখানে বিনিময় হয়েছে বহু বহু দিন ধরে,** এবং সেইটার উপরেই নির্মাণ হচ্ছে," ফিউচার কালচারের কর্মীদের বর্গের দ্বিতীয় সমবেতে উইলিয়াম মরিশ এইটাই ব্যক্ত করলেন৷ উনার মন্তব্য আরও অনেকের সাথে মিলে ছিল যারা উত্তর তীরটিকে একটি বিনিময়ের স্থান হিসেবে গন্য করেন – একটি মূল অবস্থান যেখানে আছে স্পন্দনশীল এবং বৈচিত্র্যময় সংস্কৃতি, অকপটতা এবং অংশগ্রহণের দ্বারা সংজ্ঞায়িত৷

মহান পরিবর্তনের তন্মধ্যে – দা নিউ ইয়র্ক হুইল, এম্পায়ার আউটলেটস, আরবি এন্ড দা নিউ স্টেপেলটন ওয়াটারফ্রন্ট, লাইটহাউস পয়েন্ট, এবং দা বে স্ট্রিট করিডোরের পুনরায় অঞ্চলবিভাজন করার জন্য – কয়েকজন বাসিন্দারা ভয়ভীত যে তাঁদের এলাকাটি হয়ত একটি নতুন বসবাস তৈরির এলাকা হিসেবে গন্য করা হচ্ছে, যার ফলে উত্তর তীরের যে অনন্য সংস্কৃতি আছে সেটা হারিয়ে যাওয়ার সম্ভাবনা থাকতে পারে। *ফিউচার কালচারঃ স্টাটেন আইল্যান্ড ওয়াটারফ্রান্ট* হোলো ডিজাইন ট্রাস্ট ফর পাবলিক স্পেস ও স্টাটেন আইল্যান্ড আর্টস এর অংশীদারিত্বের একটি প্রকল্প, যাদের উত্তর তীরের ওয়াটারফ্রান্টের অর্থপূর্ণভাবে প্রগতির নিশ্চিত করার জন্য একটি ভূমিকা আছে এবং এটি হোলো ভবিষ্যতের অব্যাহত প্রতিজ্ঞা। এর বিশেষ প্রথা হোলো প্রথমে যা অবস্থিত আছে তার একটি বিস্তারিত ভাবে লিপিবদ্ধ করা, স্বল্প ও দীর্ঘমেয়াদি সাংস্কৃতিক হস্তক্ষেপের জন্য সুযোগ এবং অবস্থানগুলি চিহ্নিতকরা, এবং শৈল্পিক ও সাংস্কৃতিক অভিনেতা ও কার্যক্রম সমর্থনের প্রচার করা।

*ফিউচার কালচার* পত্রিকার গত সংস্করণের সময় থেকে, এই প্রকল্পের প্রোজেক্ট টীম ছয়-অধিবেশন কর্মীদের দলের সভা আহবান করে এবং নর্থ শোর সংগঠনের সঙ্গে সাক্ষাৎ করে, সহরের নানা প্রতিনিধিদের সাথে এবং বেসরকারী স্টেকহোল্ডারদের সাথে সাক্ষাৎ করে, তাঁরা সেই অধিবেশনগুলোর প্রতিক্রিয়া ও চিন্তাভাবনা সংগ্রহ করেছেন এই জন্য যাতে এর থেকে তীরের বরাবর শিল্পকলা ও সাংস্কৃতিক হস্তক্ষেপের ব্যাপারে একটি প্রাথমিক প্রস্তাব প্রকাশ করা যায়। প্রায় ১০০টি প্রতিষ্ঠান এবং ব্যেক্তিরা বর্তমানে প্রস্তাবের খসড়াগুলির পর্যালোচনা করছেন, যেটির সংক্ষিপ্তসার আপনারা ৪ নম্বর পৃষ্ঠায় দেখতে পাবেন। পুরো মার্চ মাস ধরে ডিজাইন ট্রাস্ট, স্টাটেন আইল্যান্ড আর্টস, এবং ফিউচার কালচার ফেলোরা এই সকল প্রতিক্রিয়া ও চিন্তাভাবনা একত্র করে একটি অন্তিম পত্র তৈরি করবেন। মার্চ ২৮, ২০১৭ –তে, স্টাটেন আইল্যান্ড আর্টসের নতুন অবস্থান আরবি-তে, একটি জনসাধারনের অনুষ্ঠানে আমরা *ফিউচার কালচারের* প্রাথমিক প্রস্তাবটি প্রকাশ করবো!

*ফিউচার কালচারের* অবদানে জড়িত হওয়ার ইচ্ছুক হলে, মার্চের ২৮ তারিখে, সন্ধ্যে ৭টা থেকে ৮টা পর্যন্ত স্টাটেন আইল্যান্ড আর্টস, ২৩ নেভি পীয়ার কোর্ট – এ প্রাথমিক প্রস্তাবটি প্রকাশ করার অনুষ্ঠানে উপস্থিত থাকুন৷ অথবা প্রোজেক্ট টীম-এর সাথে যোগাযোগ করুন futureculture@designtrust.org.

---

## *ফিউচার কালচারের* কর্মীদের দলের বিষয়ে বিবৃত

গত ছয়টি-অধিবেশনে, *ফিউচার কালচারের* কর্মীদল – যার মধ্যে অন্তর্ভুক্ত হোল শিল্পীরা, ছোটো ব্যাবসায়ীরা, শিল্পকলার প্রশাসক, পরিবেশবিদ, পৌর কর্মীরা এবং অন্যরা –এই উত্তর তীরের অতীত ও বর্তমানের সাংস্কৃতিক সম্পদগুলোর শনাক্ত করেছেন, সেই জায়গাগুলো যেখানে সংযোগ বিচ্ছিন্ন এবং সুযোগ আছে, এবং যা যা স্টাটেন আইল্যান্ডের বহু সাংস্কৃতিক সম্প্রদায়ের জন্য প্রয়োজন। এই প্রকল্পের সংকল্পের জন্য, 'সংস্কৃতি' কথাটি বিস্তৃতভাবে সংজ্ঞায়িত করা হয়েছেঃ যেইসব পরিবেশ থেকে লোকজন এখানে আসেন, যেই ধরনের খাবার-দাবার উনারা খান, যেইভাবে তাঁরা যাতায়াত করতে পছন্দ করেন, তাঁরা যা যা শিল্পকলায় দক্ষ, তাঁরা যেই ভাষায় কথা বলেন, এবং যেসব জিনিস তাঁদের উপর প্রভাব ফেলে। সাংস্কৃতিক কমিউনিটির মধ্যে অন্তর্ভুক্ত আছেন তাঁরা যাঁরা নানা রকম জিনিস তৈরি করেন, উৎপাদন করেন, বিতরণ করেন, এবং সংস্কৃতির সব বিস্তৃত রূপের প্রশাসক হিসেবে অভিযুক্ত থাকেন।

কর্মীদের দল উত্তর তীরের জনগনের ব্যাপারে এবং নানা অবস্থানের ব্যাপারে, যেইগুলো উত্তর তীরের বিশিষ্ট, সেইসবের অনেক তথ্য ডিজাইন ট্রাস্ট ফেলোদের দিয়েছেন। পলিসি ফেলো বেন মারগোলিস অপেক্ষিত প্রভাবের কথা ব্যাক্ত করেছেন - ইতিবাচক, নেতিবাচক, নিরপেক্ষ, এবং সূক্ষ্ম – বর্তমান উন্নয়ন এবং দলের সঙ্গে আরবান ডিজাইন ফেলো মার্জি রাডিক পরস্পরের সহিত ম্যাপ তৈরি করার অনুশীলন করেন। কর্মীদের দল অন্তর্ভুক্ত করে একটি "সম্ভাব্যতা" অধিবেশন, যার মধ্যে উত্তর তীরের তিনজন কমিউনিটি সংগঠনের প্রতিনিধিরা তাঁদের চিন্তাধারা এবং তাঁদের নিজেদের অতীতের উদ্যোগ থেকে তাঁদের

প্রতিক্রিয়াগুলি প্রদান করেন।

গল্পগুলো, প্রতিক্রিয়াগুলো এবং বিশেষ প্রস্তাবনাগুলো ছাড়াও, কর্মীদের দল ছয়টি মূলনীতি নির্ধারণ করতে সাহায্য করেছে যেইগুলি দিয়ে ফিউচার কালচারের প্রস্তাবনাগুলোর সঠিক সৃষ্টি হবে। এই নিতিগুলো হোলো:

**১। ফিউচার কালচারের ভবিষ্যতের চিন্তাধারনা (এনভিসান ফিউচার কালচার)**
সাংস্কৃতিক কর্মকান্ডের জন্য একটি চলমান এবং টেকসই ভূমিকা তৈরি করা।

**২। কমিউনিটির কাজ তরান্বিত করা (ক্যেটালাইজ কমিউনিটি অ্যাকশান)**
প্রস্তাবনা এবং প্রকল্প তৈরি করা যেগুলো অংশগ্রহণমূলক হয় এবং যা কমিউনিটিকে সক্রিয় করে তোলে।

**৩। স্ব-সংকল্প সক্রিয় করা (এনেবল সেলফ-ডিটারমিনেশান)**
চ্যালেঞ্জ করা এবং সাংস্কৃতিক কমিউনিটিকে অনুপ্রাণিত করা যাতে সেটা তার নিজের ভবিষ্যতকে প্রভাবিত করে।

**৪। সাংস্কৃতিক সচেতনতা একত্রীত করা (ইনকর্পোরেট কালচারাল এওয়ারনেস)**
উত্তর তীরের স্থানীয় জ্ঞানগুলো অন্তর্ভুক্ত করা যেগুলো প্রকল্পের এবং অংশীদারিত্বের বিশেষ অংশ হিসেবে ধার্য হবে।

**৫। বাস্তবসম্মত মানের প্রদর্শন করা (ডেমন্সট্রেট ট্যাঙ্গিবল ভ্যল্যু)**
সরকারি ও বেসরকারি স্টেকহোল্ডারদের সংস্কৃতি অর্থনৈতিক পুরষ্কারের ব্যাপারে মতবিনিময় করা।

**৬। পরিকল্পনার সাথে সাথে অগ্রসর হওয়া (এডভান্স হোয়াইল প্ল্যানিং)**
দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের সাথে সাথে, অংশীদারদের সঙ্গে এখুনি জরুরী প্রথা তৈরি করা।

---

# কাজের দলের

ইরমা বোহোরকেজ-গিজলার

ওউমি সিসে-পিটারস

দেবোরা ডেভিস

ভল্কার গোটজি

লোরী অনর

ক্যারল হুপার

জন কিলকালেন

রাশিদা ল্যেডনার-সিওয়ার্ড

ডি বি ল্যাম্পম্যান

হেলেন লেভিন

ফর্ন মেটকাফ

গেইল মিডেলটন

উইলিয়াম মরিশ

ভিক্টরি মানরো

ক্রিশ্চিয়ান পেন

মেলিসা ওয়েস্ট

নিকোলাস জেজিঙ্গোভ

---

***ফিউচার কালচার*** **– এর প্রস্তাবনাগুলোর ব্যাপারে বিবৃতি**

ডজন ডজন স্টাটেন আইল্যান্ড শিল্পকলার প্রতিষ্ঠান, সরকারি কর্মকর্তারা, এবং কমিউনিটির দলগুলো বর্তমানে ফিউচার কালচারের প্রস্তাবনাগুলির লিখিত একটি প্রথম সংস্করণের পর্যালোচনা করছেন। এই পর্যন্ত আমরা যেই উদ্দেশ্য ও প্রস্তাবনাগুলি চিহ্নিত করেছি সেইগুলো নীচে তালিকাভুক্ত করা হয়েছে।

মতামত ও প্রতিক্রিয়া একত্রিত করার পর, প্রকল্পের দলটি একটি প্রাথমিক প্রস্তাবনার লিখিত পত্র মার্চের ২৮ তারিখে স্টাটেন আইল্যান্ড আর্টস-এ প্রকাশ করবে। এই পত্রটিতে নির্দিষ্ট কাজের বিষয় অন্তর্ভুক্ত থাকবে যেগুলো সাংস্কৃতিক সম্প্রদায়, পাবলিক সেক্টর, বা প্রাইভেট সেক্টররা, প্রতিটি প্রস্তাবনা অর্জন করতে, অনুসরণ করতে পারে। এই প্রাথমিক প্রস্তাবনার পত্রটি আরও পরিশ্রুত করা হবে স্টেকহোল্ডারদের দ্বারা এবং কমিউনিটির একত্রতার দ্বারা এবং ছাপানো অন্তিম ডকুমেন্টটি এই বছরের শীতে প্রকাশ করা হবে।

I. স্থানীয় সংস্কৃতির প্রতিপালন করা এবং সমৃদ্ধ করা

১. জনগনের উপস্থিতির বৃদ্ধি করা

১.১ সাংস্কৃতিক জনতার দল এবং তাঁদের গন্তব্যস্থল শনাক্ত করাটা গড়ে তোলা

১.২ নিয়মিত বিশেষ ধরনের অনুষ্ঠান পরিচালনা করা

২. অনুসন্ধান ও গবেষণার প্রচার

২.১ সমন্বিত বার্তা সব সমেত প্রকাশ করার বিকাশ করা

২.২ উত্তর তীরের ইতিহাস ও কাহিনী দ্বীপবাসীদের কাছে এবং পরিদর্শকদের কাছে বর্ণনা করা

২.৩ স্বজ্ঞামূলক নতুন পথের যোগান দেওয়া এবং স্থানবিশেষ সাংস্কৃতিক সচেতনতার যোগান দেওয়া

৩. ব্যাপক এবং যুক্তিসঙ্গত সহায়তা

৩.১ একই মনভাবের সমন্বয়ের বিকাশ করা এবং শিল্পকলা ও সাংস্কৃতিক অনুশীলনের আদর্শের প্রতিনিধিত্ব করা

৩.২ কমিউনিটি এবং সরকারী ও বেসরকারী স্টেকহোল্ডারের মধ্যে অংশীদারিত্ব আরও বৃদ্ধি হয় এবং দৃঢ় হয়

৩.৩ সাংস্কৃতিক কমিউনিটিগুলীকে আর্থিক সংস্থানগুলির সাথে সংযোজিত করা

II. স্থানের সংযোগ এবং উন্নতি

৪. ওয়াটারফ্রন্টটি ব্যাবহার করতে আনন্দিত

৪.১ সামুদ্রিক সংস্কৃতির অভিজ্ঞতা সংরক্ষণ এবং উন্নত করা

৪.২ সংস্কৃতির মাধ্যমে স্থিতিস্থাপকতা পালক করা

৫. স্বল্প ব্যবহৃত খোলা স্থানগুলো সক্রিয় করে তোলা

৫.১ বিদ্যমান সবুজ স্থানগুলো উন্নত করা

৫.২ মাঝখানকার যা কর্ম থাকতে পারে তার বিবেচনা করা

৬. পরিকাঠামো তৈরির অভিজ্ঞতার উন্নতির প্রচেষ্টা

৬.১ জনগনদের আনাগোনা সংস্কৃতির মাধ্যমে

৬.২ অপেক্ষা করার এবং একত্র হওয়ার জায়গাগুলো সঠিকভাবে নির্ধারণ করা

৭. বিদ্যমান অবস্থানে সংস্কৃতির সম্পর্ক গড়ে তোলা এবং সংরক্ষন করা

৭.১ যেখানে সাংস্কৃতিক কমিউনিটি বসবাস করে, কাজ করে, এবং অস্থিত্ব বজায় রাখে, সেই বিদ্যমান অবস্থানটির সংরক্ষন করা

৭.২ সাংস্কৃতিক কমিউনিটি যেখানে বসবাস করে, কাজ করে, এবং অস্থিত্ব বজায় রাখে সেইখানের বিদ্যমান বা ঐতিহাসিক কাঠামোগুলো মেনে নেওয়া

৭.৩ সাংস্কৃতিক কমিউনিটির বসবাস করার, কাজ করার, এবং অস্থিত্ব বজায় রাখার জন্য সাশ্রয়ী স্থানের পরিকল্পনায় আধুনিক পরিবর্তন আনা

পর্দার অন্তরালে (বিহাইন্ড দা ফেন্স)
বেন মারগোলিস দ্বারা লিখিত

দা বে স্ট্রিট করিডোর @ ডাউন টাউন স্টাটেন আইল্যান্ড নেইবারহুড প্ল্যানিং স্টাডি ( বে স্ট্রিট প্ল্যান) হোলো হাউজিং নিউ ইয়র্ক –এর অন্তর্ভুক্ত, যেটা মেয়র-এর তৈরি করার পরিকল্পনা এবং সাশ্রয়ী মূল্যের বাড়িঘরের সংরক্ষন করার পরিকল্পনা। গবেষণার অংশ হিসেবে, এই শহরের জমির ব্যবহারের কর্মের প্রস্তাব করেছে, এবং বর্তমান আঞ্চলিকতার পরিবর্তন এবং ব্যবহারের সম্ভবপর নিয়ন্ত্রণ এবং একটি ৪৫ একর জমির অঞ্চলে কি আকারের বারি নির্মাণ করা যায় তার প্রস্তাব করেছে। আঞ্চলিকতা পরিবর্তনের মধ্যের এলাকাগুলো হোলো বে স্ট্রিট, কানাল স্ট্রিট, তিনটি সর্বজনীন সম্পত্তি যার ভাড়া দেওয়া হয় বা বিক্রি করা হয় এবং দুইটি ভবিষ্যতের বারি তৈরির এলাকা যেইগুলি স্টেপেলটন ওয়াটারফ্রন্ট সাইটে আছে, যেইটি হোল এই সহরের-ই অংশ (ম্যাপ দেখুন)।

সিটি হলের প্রতিনিধিরা বলেছেন যে বে স্ট্রিট প্রদান করছে "এই এলাকায় বিদ্যমান কর্মপরিবেশের প্রতিশ্রুতি" এবং এই প্রকল্পটি আনবে "স্টাটেন আইল্যান্ডের ভাড়া বাড়ির পরিস্থিতি যা বৃদ্ধদের জন্য, পরিবারদের জন্য এবং প্রবীণদের জন্য সুবিধাজনক হবে"। গত ২০১৫-র মে মাস থেকে, কমিউনিটির দলগুলো এবং সহরের কর্মকর্তারা এই উদ্যোগটি নিয়ে আলোচনা করেছেন, যেটি বর্তমানে ২,৫৬৯-টি নতুন এপার্টমেন্ট-এর, প্রায় ৬০০,০০০ স্কোয়ার ফিট বাণিজ্যিক ব্যাবহারের জমির, এবং ৪৮,৫৯৫ স্কোয়ার ফিট কমিউনিটির ব্যাবহারের জন্য জায়গার প্রস্তাব করেছে।

কমিউনিটির উত্তরদাতাদের এবং নির্বাচিত প্রতিনিধিদের ভেতরে ভিন্ন ভিন্ন উদ্দেশ্যের প্রকাশ দেখা গেছে, যার মধ্যে আছে উপযুক্ত এবং পছন্দসই গৃহ নির্মাণের উচ্চতা, নতুন নির্মিত গৃহের ক্রয়ের ক্ষমতার নানান স্তর, এবং নানা স্তর ও ধরনের লেনদেন যা প্রয়োজনীয় অবকাঠামো এবং পরিবহনের জন্য প্রয়োজন। *ফিউচার কালচার* -এর অংশীদাররা এবং অংশগ্রহণকারীরা নিয়গিত আছেন এই প্রক্রিয়াটি বোঝার জন্য এবং সকলকে সজাগ করার জন্য যে বে স্ট্রিট-এর পরিকল্পনাটি স্থানীয় সংস্কৃতির কতটা সহায়তা করবে। বর্তমানে, প্রধান লক্ষ্য হোলো যে, কোনো বিশেষ স্থানের পরিবর্তন হলে স্থানীয় সংস্কৃতিক সম্প্রদায়ের উপরে সেটা কতটা প্রভাব ফেলতে সাহায্য করবে, উদাহরন হোলো - যেমন এইটা নিশ্চিত করা যায় যে সাংস্কৃতিক প্রযোজকদের যথেষ্ট স্থান আছে বাস করার জন্য, কাজ করার জন্য, এবং প্রদর্শন করার জন্য, এবং গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক এবং কমিউনিটির কাজের জন্য সরকারী ও কম-ব্যবহৃত স্থান ব্যাবহার করার উপযোগী করতে উদ্দম নেওয়া প্রয়োজন।

আবার-ও ভবিষ্যতে ফিরে আসুন এখানে "পর্দার অন্তরালে (বিহাইন্ড দা ফেন্স)"-এ সরকারী ও বেসরকারী প্রকল্পের উপর আগামী সংখ্যাগুলো পড়ার জন্য।

রিসোর্সেস:

http://www1.nyc.gov/site/planning/plans/bay-street-corridor/bay-street-corridor.page
http://citylimits.org/2016/10/25/documents-about-the-proposed-bay-street-rezoning/

**পরবর্তী পদক্ষেপ এবং নিয়োজিত সুযোগসুবিধা (সময় সুচি পরে জানানো হবে)**

গত জুলাই মাস থেকে, এই শহরটি একটি ড্রাফট এনভায়রনমেন্টাল ইম্প্যাক্ট স্টেটমেন্ট (ডি ই আই এস) তৈরি করছে, যেইটা হোলো একটি ডকুমেন্ট যাতে উত্তর-পূর্ব স্টাটেন আইল্যেন্ডের পুনরায় আঞ্চলিকতা-বিভাজনের প্রস্তাবের উপর কিধরনের সম্ভাব্য পরিবেশগত প্রভাব ফেলবে সেটা বিশ্লেষণ করা হবে। কমিউনিটির জনগনের প্রতিক্রিয়া এবং আজ পর্যন্ত তাঁদের প্রবৃত্তির উপর ভিত্তি করে, এই শহরটি বর্তমান আঞ্চলিকতার প্রস্তাবটি পরিশোধন করেছে এবং "কমিউনিটির চাহিদাগুলো নির্ণয় করেছে"।

১) প্রতিবেশী এলাকাগুলোর নকশার পরিকল্পনা (ড্রাফট নেইবারহুড প্ল্যান)

শহরটি আঞ্চলিকতা, বাসস্থানসমূহ এবং পরিকাঠামোর প্রস্তাবের একটি বর্তমান তথ্য প্রদান করবে।

২) সার্টিফিকেশন এবং ড্রাফট এনভায়রন্মেন্টাল ইম্প্যাক স্টেটমেন্ট (ডি ই আই এস)

এই সার্টিফিকেশন-ই জনগনের দ্বারা যথাযথ ও বাহুল্যবর্জিত পর্যালোচনার কার্যপ্রণালীটি শুরু করবে যেটার মধ্যে আছে বে স্ট্রিট প্ল্যান এবং তার সাথে কোনো যুক্ত ভূমি ব্যবহারের আবেদন, তার সাথে ড্রাফট ই আই এস-এর প্রস্তাবনাগুলির একটি উপস্থাপনা-ও আছে।

৩) ইউলার্পের জনগনের মতামত (ইউলার্প পাব্লিক রিভিউ)

কমিউনিটি বোর্ড ১-এর দ্বারা, বোরো প্রেসিডেন্ট দ্বারা, এবং সিটি কাউন্সিলের দ্বারা, ৫ থেকে ৭ মাস ধরে অনেকগুলো জনগনের মিটিং এবং মতামত জানানো হবে।

---

## কর্মব্যস্ত ওয়াটারফ্রন্ট থেকেঃ স্মৃতির বিষয়গুলি
## সাচিন্দারা নাভিনা দ্বারা লিখিত



মধ্য মঞ্চালয়ে, আমার উপর স্পটলাইট। আমি শঙ্খটি শক্ত করে হাতে ধরেছিলাম। অনেক মাসের অনুশীলনের পরে, আমি বিচলিত ছিলাম যে আমার শঙ্খ থেকে কি রকম শব্দ বের হবে। আমি শুনলাম যে ডাকুরিয়ারা "*সুরেল*[1]" শুরু করল, এবং সেই মুহূর্তে, আমার মধ্যে গর্ব এবং আত্মবিশ্বাস জেগে উঠলো। আমি একটি বড়ো শ্বাস নিলাম, শক্ত করে ধরলাম, ঠোঁটে চাপ দিলাম, এবং শঙ্খে ফুঁ দিলাম। আমি অব্যাহত হলাম শঙ্খের গুরুগম্ভীর, পরিষ্কার এবং লম্বা আওয়াজ শুনে। একটি আনন্দের হাস্যজ্জ্বল ছড়িয়ে পড়ল আমার মুখে, এইটা চিন্তা করে, যে ওই মুহূর্তে এই শাঁখের থেকে এমনটি সুন্দর আওয়াজ বিতরন করার জন্য, আমাকে কতটা শক্তি, অভ্যাস এবং ধৈর্য প্রদান করেত হয়েছে।

কানদ্যান নাচে, যেটা হোলো শ্রীলঙ্কার ঐতিহ্যবাহী নৃত্যকলা, শঙ্খটির একটি বিশেষ অবদান আছে, এই নাচের বিশেষ অংশগুলীতে সঙ্কেত দেওয়ার জন্য। সমুদ্রের তীরে পাওয়া, এই বড়ো শাঁখটি ভালো ভাবে পরিষ্কার করে উপযোগীকৃত করে নেওয়া হয় যেকোনো ধর্মানুষ্ঠান এবং আচারানুষ্ঠানে ব্যাবহার করার আগে – প্রথমে গরম জলে ফোটানো হয় এবং গরমভাপ্সে জীবাণুমুক্ত করা হয়, তারপরে একজন কারিগর এটিকে অলঙ্কৃত করে। একটি ছিদ্র তৈরি করা হয়, মাউথপিস হিসেবে, সুন্দর আওয়াজ সৃষ্টি করার জন্য। এইটি শ্রীলঙ্কা থেকে স্টাটেন আইল্যান্‌-এ বহন করে নিয়ে এসে আমি এই পুরনো আচারনুষ্ঠানটি চালিয়ে যাওয়াটা বজায় রেখেছি।

অনেক যুবক-যুবতীরা, যাদের আমেরিকায় জন্ম এবং এখানে বড়ো হয়েছে, তাঁরা তাঁদের আদিভিত্তি এবং সংস্কৃতি ভুলে যায়। প্রায় ২০ বছর আগে, আমার মাতাপিতা শ্রীলঙ্কা থেকে এই দেশে দেশান্তরিত হয়েছিলেন এবং প্রতিশ্রুতি নিয়েছিলেন যে তাঁদের সন্তানদের নিজেদের সাংস্কৃতিক ঐতিহ্য কখনো পরিত্যাগ করতে দেবেন না। কানদ্যান নাচের প্রচলিত কলাটি আমাকে বরাবর আমার সংস্কৃতির সাথে যুক্ত রেখেছে, আর আমাকে আমার মাতৃভূমি, শ্রীলঙ্কা এবং তার স্পন্দনশীল ঐতিহ্য-এর কথা ভুলতে দেয় নি।

স্টাটেন আইল্যান্ড আর্টস ফোক লাইফ প্রোগ্রামটি একটি আবর্তক নিবন্ধ লিখনের অবদান করে আনন্দিত, যে এই নতুন উদ্যোগটির দ্বারা ভিন্নজনগনের আওয়াজ প্রকাশ হবে, স্টাটেন আইল্যান্ডস ওয়ার্কিং ওয়াটারফ্রন্ট :মেরিটাইম ফোক লাইফ অফ এন ওয়াই সি'স ফরগটেন বোরো। এই কমিউনিটির তৈরি প্রকল্পটি স্টাটেন আইল্যান্ডের ওয়াটারফ্রন্টের সামাজিক মূলধন পুনরুজ্জীবিত করতে চায়, সামগ্রিক সাংস্কৃতিক ঐতিহ্য-র পর্যটনের দ্বারা এবং স্থানীয় সামুদ্রিক ঐতিহ্য বহনকারীর জীবিকায় সম্মান ও সমর্থনের দ্বারা। ফোক লাইফ সিরিসের প্রতিটি লেখা লিখিত হয় ফোক লাইফ প্রোগ্রামের অদ্বিতীয় গবেষণা দলের এক একজন সদস্যদের দ্বারা এবং তাঁরা খুঁজে পাওয়া বস্তুর, সংস্কৃতির উপাদানের বা কোনো পুরনো স্মৃতির সম্বন্ধে সুন্দরকরে কাবিত্বিক ভাবে প্রকাশ করেন।

---

## উত্তর তীরের ওয়াটারফ্রন্টটি একটি 'অবস্থান' হিসেবে উপলব্ধি করা

মার্জি রাডিক দ্বারা লিখিত

স্টাটেন আইল্যান্ডের উত্তর তীরটি হোলো একটি সমৃদ্ধ এবং বৈচিত্রময় নগরের ল্যেন্ডস্কেপ – পাড়াগুলী তাদের অদ্বিতীয় এবং খাঁটি স্পন্দন সহিত; এই ওয়াটারফ্রন্টটি, যেখানে আপনি উপকুল পর্যন্ত হেঁটে যেতে পারেন এবং সামুদ্রিক বায়ু এবং আবহাওয়াতে বিশেষ অভিভুত হতে পারেন; স্তরবিশিষ্ট ইতিহাসগুলী, এখনও সুন্দর ছোটো ছোটো পুরোনো বাড়ীতে দৃশ্যমান; এবং কমিউনিটিগুলী বিভিন্ন জাতিসমূহ ও ঐতিহ্য দিয়ে পূর্ণ এবং অনেক উল্লেখযোগ্য শিল্পী, কারুশিল্পী এবং পৌর কর্মীদের বসবাসের গৃহ এই সকল অসাধারন গুনগুলো উত্তর তীরের সংস্কৃতি গঠন করে, এবং *ফিউচার কালচার* টিম হিসেবে আমাদের কাজ হোলো তার নানা সূত্র একত্রে রচনা করে ভবিষ্যতের জন্য একটি সংযোগশীল নকশা তৈরি করা।

আমরা যদিও উত্তর তীরটিকে একটি বসবাসের এবং গন্তব্যস্থান হিসেবে সংজ্ঞায়িত করতে চাই, আমরা এটিকে অবিচল করতে চাই না। যখন বে স্ট্রিটের পরিবেশের দিকে লক্ষ্য করা হয়, আমরা ইউনিফাইড বে স্ট্রিট করিডোর-এর উপর গুরুত্ব প্রদান করতে সেরকম অতোটা আগ্রহী নই কিন্ত আমরা আরও আগ্রহী এর বিচিত্র শাখাগুলির এবং অনেক চমৎকার সংযোগ তৈরি করার গুনের বর্ধনে। বন্দরের কাছাকাছি হোলো সেইন্ট জর্জ এবং টমকিন্সভিল এবং এইখানে ভবিষ্যতের আকর্ষণগুলো, যেমন দা নিউ ইয়র্ক হুইল এবং এম্পায়ার আউটলেট, এইটা ইঙ্গিত করে যে এখানে একটি শহুরে অবস্থান এবং সুন্দর রাস্তাঘাত হতে পারে, যেগুলো অপূর্ব বোরো হলের দালান এবং পাওলো পার্ক থেকে আরও নিখুঁত টমকিন্সভিল পর্যন্ত সুন্দর পরিবেশ তৈরি করবে – একটি কেনাকাটার এবং আমোদপ্রমোদের স্থান যেখানে সহজেই একদিনে হেঁটে সফর করা যাবে।

বে স্ট্রীটের বরাবর, টমকিন্সভিল এবং স্টেপেলটনের মাঝামাঝি, ছোটো ছোটো দোকানের এবং কারখানার একটা লম্বা সারী – বেশীরভাগ যেগুলোর সামনে গাড়ির পার্কিং লট আছে - এই পুরো সেইন্ট জর্জ-টমকিন্সভিলের সারীটি হয়ত বিশেষ ভিন্ন হিসেবে দেখা যেতে পারে। এই স্থানটিতে একটি নানা ধরনের গাছ গাছালীর সবুজ সারী লাগানো যেতে পারে, যেই স্থানটি ঝড়জলের নিয়ন্ত্রন করবে, অতীব প্রয়োজনীয় আলোছায়া প্রদান করবে, প্রীতিটি সারীর মাঝে আরাম বিস্তার করবে – গ্রীনবেল্টের বন্য চরিত্রটি এবং স্টাটেন আইল্যেন্ড ওয়াটারফ্রন্ট-এর অন্যান্য প্রাকৃতিক অবস্থান বজায় রাখবে।

উত্তর তীরের উচ্চভাগের কমিউনিটি আগে ওয়াটারফ্রন্ট থেকে বিচ্ছেদ ছিল। শিল্পকলা এবং সংস্কৃতি ব্যাবহার করে গ্রামগুলো এবং বে স্ট্রিট থেকে ওয়াটারফ্রন্ট পর্যন্ত আরও দৃঢ় সংযোগের আশা করা যেতে পারে, যাতে বেড়ার দ্বারা পরিবেষ্ঠিট এবং উঁচু জায়গাগুলি আরও উজ্জীবিত হয়ে ওঠে। বে স্ট্রিট এবং রিচমণ্ড টেরাস-এর উঁচু সারীগুলী থেকে এই দ্বীপের বন্দরের সবচেয়ে সুন্দর দৃশ্য দেখা যায়, যেটা হোলো লোয়ার ম্যানহ্যাটান-এর দিগন্ত এবং ভেরাজানো ব্রিজ এবং এই স্থানটিও হয়ত একই ভাবে বিকাশ করা যেতে পারে যাতে লোকজন হেঁটে বেড়াতে পারেন বা নিরাপদে সাইকেল চালাতে পারেন, ছায়ায় বসে বিশ্রাম নিতে পারেন, এবং সুন্দর প্রাকৃতিক দৃশ্য দেখে আনন্দিত হন।

উত্তর তীরের ওয়াটারফ্রন্ট হোলো নিউ ইয়র্কের একটি বিশেষ রত্ন, যেখানে অনেক জায়গায় আপনি পুরো জলের কাছাকাছি যেতে পারেন। এইটি একটি মুল্যবান জায়গা যেখানে লোকজন হামেসাই ফ্রন্ট স্ট্রিটের নিচের ঢালাইকরা রাস্তায় শান্তভাবে হাঁটাচলা করেন সুখভোগ করার জন্য এবং অবকাশের আনন্দ পাওয়ার জন্য, এলিস অষ্টেন পার্কে মাছ ধরেন এবং অন্যান্য শান্ত পরিবেশ অথবা মিলারস্ লঞ্চে নৌকোগুলোর আসাযাওয়াগুলি পর্যবেক্ষণ করেন। এই জায়গাটিতে পুরাতন নিউ ইয়র্কের আভাস আছে – যখন ওয়াটারফ্রন্টটি ব্যাস্ত কিন্তু অলংকারহীন ছিল, বেশী বারিঘর ছিল না এবং উপরুক্ত নকাশা ছিল না – এবং জলের প্রগাঢ় প্রভাবের আভাস পাবেন। আমরা আশা করছি এইসব ব্যবসা, সংগঠন, এবং সংস্থাগুলোকে, যারা এই ভুদৃশ্যের উন্নতির সাথে অভিযুক্ত, তাদেরকে এই গুনগুলো বজায় রাখার ব্যাপারে উৎসাহিত করতে পারবো, উভয় স্থানেই, যেখানে একেবারে নতুন উন্নয়ন হচ্ছে আর যেখানে পুরনো ভেঙ্গে খোলা জায়গার নতুন বানানো হচ্ছে।

স্টাটেন আইল্যান্ড হোলো একটি অবস্থান যেখানে আপনার মনে হবে যে শহরের থেকে বেরিয়ে এসেছেন, কিন্তু তাও একটি অত্যাবশ্যক শহুরে কমিউনিটিতে আছেন। নির্দেশাবলী দেওয়া এবং প্রমনোনা প্রদান করাই হোলো আমাদের কর্তব্য, যাতে উত্তর তীরটি, তার সতন্ত্র এবং অসাধারণ গুনগুলো রক্ষা করে এবং বৃদ্ধি করে, ভবিষ্যতের দিকে অগ্রসর হয়।

আরোন অফিসার তাঁর ৩ বছরের কন্যা, সামীরা-র জন্য সুপ ঠাণ্ডা করল তাঁদের সেইন্ট জর্জের গৃহে। নতুন প্রথম গৃহকর্তা, কাসেরেস পরিবার, ব্রুকলিন থেকে স্টাটেন আইল্যান্ডে স্থানান্তর করেছে আট বছর আগে, যখন এখানে সম্পত্তির মালিক হওয়ার সুযোগ পেলেন। উনাদের উত্তর তীরের গৃহের দাম অসম্ভব ভাবে বৃদ্ধি পেয়েছে, গত দুই বছরে উনি অনেক ক্রেতাদের প্রস্তাব বর্জন করেছেন যাঁরা পুরো কাঁচা টাকা দিয়ে বাড়ি কিনতে তৈরি ছিলেন।

ডোমিনিক এন্ডারসন, ২১, ওনার পিতা ওয়াল্টার-এর সাথে, এবং ল্যাব্রাডর কুকুর প্যাডির সাথে বসবার করেন। জন্মগত স্টাটেন আইল্যান্ডের বাসিন্দা হিসেবে, ডোমিনিক উত্তর তীরের এই চমৎকার সাংস্কৃতিক পরিবর্তনটির অভিজ্ঞ, উনার নিজস্ব ব্যেক্তিগত অভিজ্ঞতা একজন ট্রান্স মানব হিসেবে।

১০ বছর বয়সের চার্লস জেকবস্ মাউন্ট সিনাই চার্চে একজন সহকারী হিসেবে স্বেচ্ছাসেবা করেন ওঁর মাতা, শ্যারনের সাথে। রাস্তার একটু সামনের দিকে, আল্বেনিয়ান ইসলামিক কালচারাল সেন্টার-এ মণ্ডলীর সদস্যরা সাপ্তাহিক প্রার্থনার জন্য উপস্থিত হন।

স্টাটেন আইল্যান্ডের বাসিন্দাদের কাছে এই মনভাবটি কখনোই গোপনীয় নয় যে উনারা সবাই এই মুহূর্তে একটি পরিবেশের পরিবর্তনের মধ্যে অবস্থিত। উত্তর তীরে একটি রূপান্তরের জোয়ার এসেছে যেটা পরিবারদের এবং কমিউনিটিগুলির বসবাসের উপর, একত্র হওয়ার উপর এবং প্রধানত স্টাটেন আইল্যান্ডের চিন্তাধারার উপর প্রভাব ফেলেছে। এটি, কি ধরনের প্রভাব আনবে সেটি এই মুহূর্তে জানতে পাওয়া খুব একটা সম্ভব নয়, কিন্তু এই প্রতিকৃতিগুলি উত্তর তীরের পরিবারদের এবং কমিউনিটিগুলীর কিছু কিছু বর্ণিত কাহিনীগুলির উপরে বিশেষ দিশার প্রকাশ করছে।

---

## বিশেষ ধারাবাহিকতার ধাপ

মার্চ ২৮, ২০১৭ → স্টাটেন আইল্যান্ড আর্টস-এ প্রাথমিক প্রস্তাবনাগুলি প্রকাশের অনুষ্ঠান

বসন্ত – গ্রীষ্ম ২০১৭ → প্রস্তাবগুলির উপরে মতামত এবং প্রতিক্রিয়া সংগ্রহ

গ্রীষ্ম ২০১৭ → প্রস্তাবনার জন্য সমর্থন করা

→ প্রস্তাবনাগুলির আরও বিস্তার করা

শীত ২০১৭ → নিশ্চিত প্রস্তাবনাগুলির প্রকাশ করা এবং স্টাটেন আইল্যান্ড আর্টস-এ এবং এলিস অষ্টেন হাউস-এ প্রদর্শনীর ব্যাবস্থা করা

শীত ২০১৭ – ২০১৮ → প্রস্থাবগুলি থেকে উপলব্ধ নতুন প্রকল্পের গবেষণা করা *

*অর্থায়নের অপেক্ষারত

*ফিউচার কালচারে* যোগদান করতে, প্রোজেক্ট টীমের সাথে যোগাযোগ করুন এই নম্বরে 212-695-2432x7 অথবা ইমেইল করুন futureculture@designtrust.org.

ফিউচার কালচার

FUTURE CULTURE

# ফিউচার কালচার
# স্টাটেন আইল্যান্ড ওয়াটারফ্রান্ট সংযোগিত

---

স্টাটেন আইল্যান্ড ওয়াটারফ্রান্টের বরাবর বিস্তারিত নানারকম নির্মাণের কপিকলগুলো হোল একটি অগ্রদূত যা উত্তর তীরটিকে শীঘ্রই ভিন্ন রূপে পরিবর্তিত করবে। এই শহরের কেন্দ্রস্থলটির এবং প্রকৃতিগতভাবে সাংস্কৃতিক প্রথা ঘটমান জেলাটির বিরাট পরিবর্তনের মধ্যে, অনেক প্রশ্ন প্রকাশ হয়েছে যে এই অগ্রগতি বিদ্যমান সাংস্কৃতিক সম্প্রদায়ের উপর কি প্রভাব ফেলবে৷ এই নতুন অগ্রগতি কি ভাবে স্থানীয় সংস্কৃতির মর্যাদা প্রতিফলিত করবে। এই কর্মপ্রভাবিত ওয়াটারফ্রান্ট-এর কি ভূমিকা? কি ধরনের পরিবেশগত প্রভাব বিবেচনা করা আবশ্যক? আর যখন সব কাজ সম্পন্ন হয়ে যাবে তার পরেও কি শিল্পকলার স্থান এখানে বজায় থাকবে?

স্টাটেন আইল্যান্ডের বাসিন্দারা এই সকল প্রশ্নগুলো নিয়ে চিন্তিত এবং অন্যরাও চিন্তিত যাঁরা কমিউনিটির সভায় এবং কার্যক্রমে অংশগ্রহণ করেন, যেটা হোল *ফিউচার কালচারঃ স্টাটেন আইল্যান্ড ওয়াটারফ্রান্ট সংযোগিত*–র অন্তর্ভুক্ত, যেটা হোল ডিজাইন ট্রাস্ট ফর পাবলিক স্পেস ও স্টাটেন আইল্যান্ড আর্টস-এর অংশীদারিত্বের একটি প্রকল্প।

জুলাই ২০১৪–তে, স্টাটেন আইল্যান্ড আর্টস, ডিজাইন ট্রাস্টের একটি বিজ্ঞাপনে আবেদন পাঠায়, *ফিউচার কালচার*-এর প্রস্তাব দিয়ে, যাতে সাংস্কৃতিক কমিউনিটির যে একটি বিশেষ প্রভাব আছে এই ওয়াটারফ্রান্ট-এর অগ্রগতির প্রথায় সেই ব্যাপারে আশ্বস্ত হওয়ার জন্য। একটি স্বাধীন নির্ণায়ক-সভা এই প্রকল্পটি নির্বাচিত করেন, এই আশ্বাসে যে এই প্রকল্পটির দ্বারা দেখান যাবে যে কেমন করে শিল্প এবং সাংস্কৃতিক কার্যক্রম একটি সুষম প্রগতি এবং বিশিষ্ট জনসাধারনের পরিবেশ গড়ে তুলতে একটি মূল্যবান ভূমিকা বজায় রাখতে পারে। নির্বাচনের পর থেকে, এই প্রকল্পটির আলম্বন তৈরি করতে এবং এই লক্ষ্যটির দিকে অগ্রসর হতে, এই সংগঠন দুইটি একত্রে কাজ করেছে।

অক্টোবর ২০১৬-তে, স্টাটেন আইল্যান্ড আর্টস *ফিউচার কালচার* একটি ওপেন হাউস নিমন্ত্রিত করেছিল, যেখানে অনেক ডজন লোকজন এই প্রকল্পের সহকর্মীদের সাথে সাক্ষাত করতে এসেছিলো এবং সাংস্কৃতিক সম্পদ এবং জনগনের এলাকার মানচিত্র তৈরির সংগ্রহে অংশগ্রহণ করতে এসেছিলো। তার কয়েকদিন পরেই, প্রগাঢ় ছয় সপ্তাহের জন্য একটি কর্মীদের দল সমবেত হোল, একটি বৈচিত্র্যময় এবং গতিশীল দল একত্রিত হোল, যাঁরা সাংস্কৃতিক ল্যাণ্ডস্কেপ নথিভুক্ত করল, চাহিদা ও সুযোগ সুবিধা নির্ধারণ করল এবং কৌশলকলাপের অগ্রসর করা শুরু করল। ইতিমধ্যে, প্রকল্পের দলটি স্থানীয় সংগঠনগুলির এবং ছোটো ব্যাবসাগুলির নিরিক্ষা করে এবং বেশ কয়েকজন সরকারী ও বেসরকারী স্টেকহোল্ডারদের সাথে সাক্ষাত করে।

এখন এই গুরুত্বপূর্ণ যোগদান প্রতিনিধিত্ব মূলক লোকজনদের কাছ থেকে পেয়ে, যাঁদের বিভিন্ন ব্যক্তিত্ব, পারিপার্শ্বিক অবস্থা, ভিন্ন কৌতূহল, বিভিন্ন শাখা, এবং সাংস্কৃতিক চর্চা আছে, এই *ফিউচার কালচার*-এর কর্মীদলটি, এই দর্শনীয় প্রসারিত *ওয়াটারফ্রান্ট*, নিউ ব্রাইটন থেকে স্টেপেলটন পর্যন্ত, তার বিকাশ করার জন্য অভিযোগ্য নকশা, পরিকল্পনা এবং শিল্পকলার নীতি সুপারিশ ও জনগনের এলাকার মধ্যে সাংস্কৃতিক সম্পৃক্ততার অভিব্যক্ত করবে।

আমরা এই পত্রিকাটি সৃষ্টি করেছি, এটি হোল চারটি সংস্করণের প্রথম সংস্করণ, যার দ্বারা আমরা একটি গুরুত্বপূর্ণ আলোচনা শুরু করতে চাই এই ব্যাপারে যে আমরা কিভাবে একত্রে, এই উত্তর তীরের *ভবিষ্যতের সংস্কৃতি/ফিউচার কালচার*, সংজ্ঞায়িত করতে পারি, পরিকল্পনা নিতে পারি, প্রোগ্রাম তৈরি করতে পারি এবং আকৃতি প্রকাশ করতে পারি৷

আপনি যদি অন্তর্ভুক্ত হতে চান, অনুগ্রহ করে ওয়েবসাইটে যান designtrust.org/projects/future-culture/ অথবা ইমেইল করুন futureculture@designtrust.org

---

*ফিউচার কালচার* হোল ডিজাইন ট্রাস্ট ফর পাবলিক স্পেস ও স্টাটেন আইল্যান্ড আর্টস-এর অংশীদারিত্বের একটি প্রকল্প।

*ফিউচার কালচার*- টির কিছু অংশ প্রকাশ হতে সম্ভব হয়েছে এঁদের উদার সহায়তার দ্বারাঃ

এম্পাইয়ার আউটলেট, বি এফ সি পার্টনারস, আরবি, দা নিউ ইয়র্ক হুইল, ট্রাইয়াঙ্গল ইকুইটীস, দা এন ওয়াই সি ডিপার্টমেন্ট এফ কালচারাল এফেয়ারস, এবং দা এন ওয়াই সি ডিপার্টমেন্ট এফ ইকোনোমিক ডেভেলপমেন্ট।

প্রকল্পের জন্য অর্থায়ন প্রদান করেছে ডিজাইন ট্রাস্ট ফাউন্ডারস সার্কেল, এঁদের সহিতঃ আগ্নেস গান্ড, কিটি হক, সোফিয়া W. হীলি, দা লিলি অচিনক্লস ফাউন্ডেশন ইঙ্ক., কামিলা প্যাস্টর এবং স্টীফেন মাহারাম, ক্লের উইজ, এবং এন্ড্রেয়া উডনর।

---

মানচিত্রের এবং কাজের দলের সম্বন্ধে

*ফিউচার কালচার*–এর কর্মীদলের ছটা পর্যায়ের প্রথম পর্যায়ের কাজ ছিল "জায়গা এবং অবস্থান" নির্দিষ্ট করা যা উত্তর তীরের বৈশিষ্ঠতা। এই দলটি একত্রে কাজ করে বিদ্যমান সাংস্কৃতিক সম্পদের মানচিত্র তৈরি করে যেগুলোর রক্ষা ও সুরক্ষা করা উচিত। কর্মীদলের সদস্যরা এই ওয়াটারফ্রন্টের এলাকাগুলোর মধ্যে সাংস্কৃতিক জীবন সম্পর্কে তাঁদের সৃতির কথা এবং নিজস্ব ব্যাক্তিগিত ইতিহাস নিজেদের মধ্যে প্রকাশ করেছেন, এবং কিভাবে অতীত এবং বর্তমান থেকে ভবিষ্যতের উন্নতির অবহিত করতে পারেন সেই সম্পর্কে পন্থা-পদ্ধতির আলোচনা করেছেন।

---

"বিহাইন্ড দা ফেন্স" থেকে সাম্প্রতিকতম তথ্য সংযোজন করা

লেখক বেন মারগলিস, কর্মপন্থা তৈরীর ফেলো

*ফিউচার কালচার* প্রকল্পের একটা প্রধান লক্ষ্য হোলো পরিমান, অবস্থান এবং পরিকল্পিত উন্নয়ন প্রকল্পের সময়জ্ঞান সম্পর্কে সাংস্কৃতিক কমিউনিটির সদস্যদের বুঝাতে এবং আলোচনা করতে সাহায্য করা।

উত্তর তীরের জন্য ১.২ বিলিয়ন ডলারের পরিকল্পিত বিনিয়োগ করেছে – দা নিউ ইয়র্ক হুইল, বি এফ সি পার্টনারস এম্পায়ার আউটলেটস, ট্রাইঅ্যাঙ্গেল একুইটিস লাইটহাউস পয়েন্ট, এবং আয়রনস্টেট ডেভেলপমেন্টস আরবি এবং স্টেপেলটন ওয়াটারফ্রান্ট প্রোজেক্টস – এরা সবাই হয়ত এই সহরের ইতিহাসে সবচেয়ে বড়ো ব্যাবসায়িক ওয়াটারফ্রান্ট সম্প্রসার গঠনের মধ্যে অন্তর্ভুক্ত। এই উন্নয়নগুলো কমপক্ষে ২৫ একার ওয়াটারফ্রান্ট জমির উপর প্রভাব ফেলবে এবং তৈরি করবে ২,২০০ বসবাস করার বাড়ীঘর, ৫০০,০০০ স্কোয়ার ফিটে দোকান ও অফিসের জায়গা, এবং ৪০০-টি হোটেলের ঘর – প্রায় ৫০০০ নতুন বাসিন্দাদের এবং অগুনিত পর্যটকদের আহ্বান করবে।

শুধু সেন্ট জর্জেই আগামী দুই দশকে ২৫% আবাসিক জনসংখ্যার বৃদ্ধির সম্ভাবনা দেখা গেছে, আর তাছাড়া আরও মিলিয়ন দর্শক এবং ক্রেতাদের বার্ষিক আগমনের সম্ভাবনা দেখা গেছে – এই সব হোল ২২ মিলিয়নের তদতিরিক্ত জনসংখ্যা যারা বর্তমানে খেয়াপথে যাতায়াত করছেন। আরো অনেক উন্নয়নের পরিকল্পনা নেওয়া হচ্ছে – এই সহরের বে স্ট্রিট করিডোর রিজোনিং-টি আরও ২৫০০-টি থাকার বাড়ীর তৈরির ব্যাপারে সম্ভবনার সৃষ্টি করতে হতে পারে।

এই গুরুত্বপূর্ণ পরিবর্তন, বিশেষ সুযোগ ও নতুনত্বের দাবী, উভয়ই প্রকাশ করেছে। (নিম্নে উল্লিখিত আছে নির্মাণ করার সময়তালিকা, যা আমরা ভবিষ্যতের সংস্করণগুলোতেও আলোচনা করবো)। শহরের দিক থেকে দেখতে গেলে, স্টাটেন আইল্যান্ডে অনেক নতুন কাজের সুযোগের দরকার, যাতায়াতের সময় কম করার প্রয়োজন, এবং এর সঙ্গে মিলিত একটি আরও প্রাণবন্ত ওয়াটারফ্রান্টের প্রবৃদ্ধির জন্য উপলব্ধ জমির অগ্রগতির সুযোগ। সাংস্কৃতিক কমিউনিটির সদস্যরা খুব দৃঢ় ভাবে অনুভব করেন যে উত্তর তীরটিকে একটি 'সাদা পাতা' হিসেবে যাতে দেখা না হয়, এবং এখানের উন্নতি গড়ে তোলা হবে এখানের বিদ্যমান অদ্বিতিয় মানুষের, সংস্কৃতির, এবং সুযোগ-সুবিধার মিশ্রনে।

এম্পায়ার আউটলেটসঃ উদ্বোধনী অনুষ্ঠান হবে নভেম্বের ২০১৭-তে

এন ওয়াই হুইলঃ আপাতত উদ্বোধনীর দিন তৈরি হয়েছে ২০১৮-র প্রথম দিকে

লাইটহাউস পয়েন্টঃ প্রথম পর্যায় ২০১৮-য়, দ্বিতীয় পর্যায়ঃ ২০১৯-এর হেমন্তে (আনুমানিক)

স্টেপেলটন ওয়াটারফ্রন্ট পার্ক

- পুরো পার্কের পুরোপুরি পাকা নকশাঃ ২০১৭
- নির্মাণের দ্বিতীয় পর্যায়ঃ ২০১৮
- নির্মাণের তৃতীয় পর্যায়ঃ ২০২০

স্টেপেলটন ওয়াটারফ্রন্ট / আরবি ডেভেলপমেন্ট

- প্রথম পর্যায়ের সম্পন্নঃ বসন্ত / গ্রীষ্ম ২০১৭
- দ্বিতীয় পর্যায়ের ডেভেলপার রিকুয়েস্ট ফর প্রোপোজাল (আর এফ পি)ঃ ২০১৭-১৮
- তৃতীয় পর্যায়ের ডেভেলপার আর এফ পিঃ টি বি ডি (পরে ঠিক করা হবে)

স্টাটেন আইল্যান্ডের সামুদ্রিক স্মৃতি
লেখক বব রাইট, স্টাটেন আইল্যান্ড আর্টস ফোকলাইফ ফেলো

---

এইটি কুৎসিত, কারখানাজাত, এবং একটি অশুভ উদ্দেশ্য পরিবেশিত ছিল। ভারী ধাতব, মরিচা পরা, জবরজং এবং একভাবে আটকে ছিল। একবার সাধারন ভাবে নজর দিলে হয়ত মনে হবে যে এরকম অবস্থা বরাবরই থাকবে। কিন্তু আমি যখন আমার কাকা জর্জের গ্যারাজ পরিষ্কার করতে সাহায্য করছিলাম, তখন উনি তাঁর গ্যারেজের মাটির নিচ থেকে একটি পুরোনো বিশেষ পেষাইকল টেনে বার করে আনেন আর আমাকে মজা করে জিজ্ঞেস করেন যে আমি ওটা চাই কি না, সেটা আমি সুনিশ্চিতভাবে গ্রহন করেতে দ্বিধা করিনি। আমি একদম স্তম্ভিত হয়ে গেছিলাম। আমি

বিশ্বাসই করতে পারছিলাম না যে উনার কাছে কাকা বিল-এর পুরাণখ্যাত (পরিবারের মতবাদের অনুযায়ী) জাহাজ *দা আমিগোস* –এর একটা অংশ ছিল, যেকোনো একটি অংশ ছিল। একজন বালক হিসেবে ছোটোবেলায় প্রতি রবিবার দুপুরে আমরা দাদু-ঠাকুমার বাড়ীতে বেশীরভাগ সময় আমার বাবার আর কাকাদের কাছ থেকে শুনতাম তাঁদের *দা আমিগোস* জাহাজে চড়ে নানারকমের অভিযানের গল্প, যেটি ডাব্লিউ ডাব্লিউ টু-র যুদ্ধের পরে আর ব্যাবহার করা সম্ভব হয়নি, স্বাধীনতার সঙ্গে সঙ্গে তেলের ছাঁটাইয়ের জন্য।

আমার কাছে আরও কয়েকটি পরিবারের পুরনো ঐতিহাসিক যন্ত্রপাতি আছে এবং সেগুলোর মূল্য সাধারন ভাঙ্গা বস্তুর থেকে অনেক বেশী। ওইগুলো যখন হাত দিয়ে ধরা হয়, হাত স্বাভাবিকভাবেই পিছলে গিয়ে ওই স্থানে গমন করে যেই স্থান নির্মিত হয়েছিলো কঠিন ব্যাবহারের দ্বারা এবং যার উপরে কর্মীদের তেলতেলে হাতের ছাপ রয়ে গেছে। এইগুলো আমার ডি এন এ দিয়ে পালিশ করা আছে এবং এইভাবেই শারিরিকভাবে আমি আমার পূর্বপুরুষদের সবচেয়ে সন্নিদ্ধে যেতে পারবো। এইটা হোলো বিশুদ্ধ।

ওই বিশেষ পেষাইকল-টি আত্মসমর্পণ করেছিল একটি তৈলস্নানে এবং যখন আমি যখন প্রথম সেটি ছুঁলাম আমি সেই পুরনো জগতে চলে গেছিলাম, *দা আমিগোস* জাহাজের লেজে। আমি দেখলাম যে বাক্সারটি তার পেটের উপর পরলো এবং তার থেকে একটা তৈলাক্ত ছাপ আমাদের পেছনে পেছনে আমাদের বাড়ি পর্যন্ত অনুসৃত হোলো।

এই বিশেষ পেষাইকল-টি মাংস এবং অন্যান্য বস্তু মিশ্রিত করতো, যেটা মাছেদের টোপ হিসেবে ব্যাবহার করা হোতো।

স্টাটেন আইল্যান্ড আর্টস ফোকলাইফ প্রোগ্রাম (এস আই এ ফোকলাইফ) হোলো ঐতিহ্যগত কলাশিল্পের সংরক্ষণের, প্রচারের এবং সুরক্ষিত রাখার জন্যে উৎসৃষ্ট, প্রোগ্রামিং এবং কারিগরি সহায়তার দ্বারা। ফোকলাইফ দেখতে পাওয়া যায় জীবিত ঐতিহ্যের মধ্যে, যেটি কমিউনিটিগুলির মধ্যে প্রজন্মের মাধ্যমে গৃহীত। এই কলাশিল্পগুলি হোলো প্রধান সাংস্কৃতিক ঐতিহ্য এবং এইগুলি সাধারন মানুষের সাংস্কৃতিক খাতের একটি গুরুত্বপূর্ণ মাত্রার ভুমিকা প্রকাশ করে। ২০১৬ সালে, চারটি এস আই এ ফোকলাইফ ফেলোরা স্টাটেন আইল্যান্ডের স্থানীয় বস্তুগত সংস্কৃতির গবেষণা করেছিল। এইটি হোলো চারটের মধ্যে প্রথম বৈশিষ্ট্য যা তাঁদের গবেষণার তথ্য বর্ণনা করে।

---

ডেট্রয়েটের প্রতি প্রতিফলন করা

লেখিকা লিসা দাল, আর্ট ফেলোর অংশগ্রহণকারী

অক্টোবর মাসে আমি ডেট্রয়েটে ঘুরতে গেছিলাম, নিউ ইয়র্ক ফাউন্ডেশান অফ আর্ট-এর দ্বারা ব্যাবস্থিত যাত্রা, যেটা দেখালো যে শিল্পকলার দ্বারা কিভাবে এই শহরটিকে পুনরুজ্জীবিত করা সম্ভব হয়েছে। ওই বিষয়টি আমার ব্যাক্তিগত প্রভাবের বিষয়, শিল্পের দিক থেকে আবার ফিউচার কালচার-এর দিক থেকেও। আমার নিজের শিল্পে, আমি কৌতূহলী জানার জন্য যে আমাদের বসবাসের পরিবেশ আমাদের জীবনের উপর কতটা প্রভাব ফেলে, বেশিরভাগ সময় বেশ বিস্ময়কর ভাবেই প্রভাব ফেলে আর অন্য সময় আমরা নিজেরাই যেন প্রভাব ফেলি আমাদের পরিবেশের উপর যাতে আমাদের জীবনধারা আরও ভালোর দিকে যায়।

আমাদের স্থানীয় প্রদর্শক ছিলেন দুইজন মহিলা, ডেট্রয়েটের বাসিন্দা, যাঁরা এন ওআই সি-তে জীবনের কিছু সময় কাটিয়েছেন। উনাদের সৃষ্টিশীল সংস্থা, প্লেগ্রাউন্ড ডেট্রয়েট-এর কাজ হোলো ডেট্রয়েট শহরের সংস্কৃতি-প্রতিষ্ঠানের, দলের এবং স্বতন্ত্র শিল্পিদের জন্য তথ্য সংযোগ করা। উনারা মিউজিয়ামে, গ্যালারিতে, রেসিডেন্সি-তে এবং স্টুডিও-তে নিয়ে গিয়ে সাংস্কৃতিক নবজীবন ও অভিযানের উপরে প্রদর্শনী দেখান। উনারা যে ধরনের সেবা প্রসার করছেন সেই দিয়ে নানা ধরনের কমিউনিটির নানা ধরনের কার্যকলাপগুলি সংযোজিত করতে সাহায্য হচ্ছে।

এটা বোঝা গেল যে ডি আই ওয়াই-এর তথ্য সারা মোটোর সিটি-র মধ্যে বেশ প্রসারিত, যদিও এখনো ঠিক উন্নয়নশীল শহরের কেন্দ্রের একটু বাইরে পরিকাঠামোর প্রতিকুল অবস্থায় রয়েছে। ডেট্রয়েটের শিল্পকলার কমিউনিটি বেশ ছোটোই, কিন্তু কর্মচঞ্চল এবং একে অপরকে ভীষণভাবে সমর্থন করে। ওখানে নানা রকমের সাংস্কৃতিক চর্চা বিশেষ ভাবে একে অপরের উপর প্রভাব ফেলছে এবং মনের উদারতা প্রয়োজনীয় কোনো সাফল্যের জন্য। কর্মীরা, বড়ো বা ছোটো, সবার একটিই লক্ষ্য – একটি স্পন্দনশীল শহর যেখানে অনেক সংস্কৃতি এবং নতুনত্বের প্রকাশ, শহুরে পরিবেশের ন্যস্ত দায়িত্ব এবং এইটার সমৃদ্ধ ইতিহাসের কথা মনে রাখবে।

আমার জন্য সেই যাত্রার সবচেয়ে প্রধান ব্যাপার হোলো বিশ্বের সেরা হেইডেলবার্গ প্রোজেক্ট দেখতে পাওয়া, যেটা আগামী বছরে শেষ হয়ে যাবে। অনেক রঙ দিয়ে আঁকা এবং কাল্পনিক ভাবে সুশোভিত বাড়ীগুলো টাইরী গাইটন নামের শিল্পীর একক দৃষ্টিতে প্রকাশিত হয়েছে, তাঁর সম্প্রদায়ের বিলগ্নিকৃত হওয়ার জবাবে। এই কর্ম-পরিকল্পনাটি একটি গভীর উদাহরন যে শুধু মাত্র একজন শিল্পী কিভাবে তাঁর কমিউনিটিতে প্রভাব আনতে পেরেছেন – সকলকে একত্র করেছেন এবং কমিউনিটির গর্ব প্রচার করছেন। অত্যন্ত দুঃখের বিষয় যে গত অনেক বছর ধরে, উনার ১২-টা শিল্পের কাঠামো পুড়িয়ে দেওয়া হয়েছে অগ্নি সংযোগের ঘটনায়, কমিউনিটির আস্থা পুরোপুরি সক্রিয়ভাবে অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও। ৩০ বছর পরে, গাইটন নিযুক্ত হচ্ছেন, উনার মতে যেটি হোলো “হেইডেলবার্গ – 3.0” – একটি সংরক্ষণের পর্যায়।

একটি জায়গা যেটা আমাকে সবচেয়ে চমৎকৃত করেছে সেটা হোলো একটি বিশাল গুদাম যেটা একটি শিল্পকলার সৃষ্টিশীল প্রাথমিক স্তর হিসেবে ব্যাবহার করা হচ্ছে, একটি নন-প্রফিট বা অলাভজনক কোম্পানির দ্বারা, যার নাম হোল পোনীরাইড। একজন স্থানীয় রেস্তোরাঁর মালিক, যাঁর কমিউনিটি তৈরি করার আবেগ আছে, উনি একটি ফোরক্লোসারের দ্বারা জায়গাটি কেনেন, পোনীরাইডের উদ্দেশ্য হোলো অগ্রগতি কিভাবে টেকসইভাবে এবং নতুনত্বের মাধ্যমে প্রকাশ করা যায় সেটার ব্যাপারে চিন্তা করা। বাজারের ভাড়ার থেকে কম ভাড়ায় বাড়ী দেয় সৃজনশীল ব্যাবসাগুলোকে এবং

প্রতিষ্ঠানগুলোকে, এরা সবাই কমিউনিটিকে তাঁদের কাজের সাথে জড়িয়ে রাখার আপ্রান চেষ্টা করে। হয়ত সবচেয়ে বিখ্যাত যে ব্যাবসাটা আছে পোনীরাইডে, সেটা হোলো এম্পাওয়ারমেন্ট প্লান, একটি নন–প্রফিট বা অলাভজনক কোম্পানি, যেটা উষ্ণ, পানি-প্রতিরোধক জ্যাকেট উৎপাদন করে যা একটি স্লীপিং–ব্যাগে রূপান্তরিত হয়ে যায় এবং এইগুলো ডেট্রয়েটের গৃহহীন লোকেদের দান করা হয়। এম্পাওয়ারমেন্ট প্লান–এর সব কর্মীরা এখন আছে অথবা ইদানীং ছিল, গৃহহীন, এবং এই কাজটি তাঁদের নিজস্ব আর্থিক স্বাধীনতা প্রদান করে।

যদিও ডেট্রয়েট এবং স্টাটেন আইল্যান্ডের অর্থনৈতিক বিবরণ এবং প্রাকৃতিক ল্যান্ডস্কেপে নানারকম অনেক তফাৎ আছে, সাংস্কৃতিক লক্ষ্য কিন্তু বেশীরভাগ সময় একইরকম মনে হয়। দুই জায়গাতেই, আমি দেখি যে বিদ্যমান সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলোর মধ্যে আদান-প্রদানের আরও বেশী প্রয়োজন, নতুনত্বের প্রয়াস সহ, যাতে একে অপরকে উন্নতিলাভে সাহায্য করতে পারে এবং বৃহত্তর অর্থনৈতিক শক্তির বাইরে উন্নয়নের মুখে সাফল্যলাভ করে। এই দুই শহরের সৃজনশীল কমিউনিটির লোকেরা খুব আপ্রানভাবে কাজ করেছেন যাতে এই এলাকার বিদ্যমান দিক্‌পরিবর্তনটির পরিচিতি হয়। এই যাত্রাটি আমার চিন্তাধারাকে আরও প্রবলভাবে সক্রিয় করে তুলেছে, স্টাটেন আইল্যান্ডের সাংস্কৃতিক সম্প্রদায়ের সংক্রান্তে যদিও আমি ভালোভবেই জানি যে আমার দেখা ডেট্রয়েটের সাংস্কৃতিক পটভূমি ছিল একটি সংক্ষিপ্ত ও বিরল দৃশ্য, যেটা আসলে এখনো বেশীরভাগই একটি কঠিনভাবে ক্রমবর্ধমান শহর।

---

গ্যারেথ স্মিটের দ্বারা লিখিত, ফোটো আরবানিসম ফেলো

প্রথম কয়েক মাস এখানে ছবি তুলতে, আমি উত্তর তীরের রাস্তাগুলোর উপরেই বেশীর ভাগ মন দিয়েছি। আমি নিজেকে এই ধরনের প্রশ্ন জিজ্ঞেস করেছিঃ চৌমাথাগুলো কোথায়? এইখানে আসলে মনের মধ্যে কিরকম প্রভাব হয়? কোন এলাকাটায় খুব বেশী আওয়াজ? কোন এলাকাটা বেশ শান্ত?

আমি ভিকট্রী বুল্ভার্ড ব্যাবহার করেছি আমার উদ্দেশ্যহীন ভ্রমনের প্রধান অংশ হিসেবে। আমি স্টাটেন আইল্যান্ডের বাসিন্দাদের সাথে কথাবার্তা বলেছি এবং অনেকজনদের সাথে দেখা সাক্ষ্যাত করেছি যাঁরা এই স্থানের ব্যাপারে উনাদের গল্প বলেছেন আমাকে, অনুপ্রাণিত করেছেন আমাকে এই স্থানের একটি রূপান্তরিত শহুরে ছবি প্রকাশ করার জন্য।

বিকেলের যাতায়াতগুলো, নাপিতের দোকানে যাওয়াআসা, গাড়ীর দিকে হেঁটে যাওয়া এবং দৌড়ে গিয়ে বাসে চাপা। এইগুলো হোলো ফুতপাথ, এইগুলো হোলো রাস্তা, এইগুলো হোলো যাওয়া আসার মাঝামাঝি স্থান।

---

প্রধান ধারাবাহিকতার ধাপগুলো

ডিসেম্বর ২০১৬ঃ ফিউচার কালচার-এর কর্মীদলের সভা সম্পন্ন করা এবং পত্রিকার ১ নম্বর সংস্করণ প্রকাশ করা।
২০১৭-র শীতকালেঃ সুপারিশ প্রকাশ করা
২০১৭-র বসন্তকালেঃ সুপারিশের উপর মন্তব্য এবং প্রতিক্রিয়া সংগ্রহ করা
২০১৭-র গ্রীষ্মকালেঃ সুপারিশের সমর্থন করা
২০১৭-র হেমন্তেঃ সম্পূর্ণ সুপারিশগুলি কালচারাল লাউঞ্জ এবং এলিস অস্টিন হাউসে প্রদর্শনীর দ্বারা প্রকাশ করা
* আর্থিক অবদান অনিষ্পাদিত

এই প্রকল্পের সম্বন্ধে আরো জানুন অথবা অন্তর্ভুক্ত হন! অনুগ্রহ করে এই সাইটে যান designtrust.org/projects/future-culture/ অথবা আমাদের সঙ্গে যোগাযোগ করুন futureculture@designtrust.org বা 212-695-2432 x7।

ভবিষ্যতের সাংস্কৃতিক বিষয়তালিকা

---

<u>২০১৬ সেন্ট জর্জ হলিডে মার্কেট</u>

বুধবার ১২/১৪ – শুক্রবার ১২/১৬

সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত

স্টাটেন আইল্যান্ড আর্টস, ১০ ফেরি টার্মিনাল ড্রাইভ

এই তিনদিনের ছুটিরদিনের মধ্যে বসানো বাজারের স্থানীয় দোকান থেকে কেনাকাটি করুন, যেইটি বসবে স্টাটেন আইল্যান্ড আর্টস লাউঞ্জ গ্যালারিতে বুধবার, ডিসেম্বর ১৪ – শুক্রবার ডিসেম্বর ১৬, সকাল ১১টা – রাত ৮তা পর্যন্ত। বিক্রেতারা বিক্রি করবে হাতের তৈরি জামাকাপড়, অন্যান্য উপকরণ, গয়নাগাটি, গৃহস্থলীর সামগ্রী, খাবার-দাবার, পোষা পশুপাখির সেবার সামগ্রী, ত্বকের সেবার সামগ্রী, খেলনা, শিল্পকলার সামগ্রী, বইপত্র

<u>সানডগ থিয়েটার খুঁজছে “সীনস ফ্রম দা স্টাটেন আইল্যান্ড ফেরী”/ “স্টাটেন আইল্যান্ড ফেরী থেকে দেখা যায় সেই দৃশ্যগুলো” ২০১৭-র জন্য আবেদন জমা পাঠান</u>

বুধবার, নভেম্বের ৩০ – শনিবার, ডিসেম্বর ৩১
সানডগ থিয়েটার খুঁজছে ২০১৭-র জন্য “সীনস ফ্রম দা স্টাটেন আইল্যান্ড ফেরী”/ “স্টাটেন আইল্যান্ড ফেরী থেকে দেখা যায় সেই দৃশ্যগুলো” একটি একাঙ্ক নাটকের আবেদন জমা পাঠান। এই আদর্শস্বরূপ নাটকের পরম্পরাগুলো একটি বিষয়ের উপর ভিত্তি করা হয়। সানডগের ১৫তম বার্ষিক অনুষ্ঠানের অংশ হিসেবে, লেখকরা ছোট্টো একাঙ্ক নাটক লেখার মধ্যে “১৫” নম্বরটি ব্যাবহার করতে বাধ্য থাকবেন৷ এর উপরে উপরন্তু তথ্য জানার জন্য, অনুগ্রহ করে ওয়েবসাইটে যানঃ www.sundogtheatre.org.

<u>ইন কনভারসেশনঃ দা ফোটোগ্রাফস অফ অ্যালিস অষ্টেন এন্ড ক্রিস্টিন ওসিন্সকি</u>

এখন দেখাচ্ছে আর ডিসেম্বর ২৩ পর্যন্ত দেখাবে

২ হাইলান বুলভার্ড

অ্যালিস অষ্টেন এবং ক্রিস্টিন ওসিন্সকি-র কাজে প্রায় একশ বছরের তফাৎ, স্টাটেন আইল্যান্ডের জীবনের একটি অকপট বর্ণনা গঠন করেছেন৷ সময়কাল এবং দূরত্বের বিচ্ছেদে, দুই শিল্পীর কাজগুলির বিষয় এবং পদ্ধতির মধ্যে অনেক সামঞ্জস্য দেখা যায়৷ এই প্রদর্শনী উভয় শিল্পীদের তাদের কাজের মাধ্যমে সংযোগ সৃষ্টি করার জন্য একটি সুযোগ প্রদান করে। প্রদর্শনটি দেখা যাবে মিউজিয়ামের কাজের সময়ঃ মঙ্গলবার – রবিবার, সকাল ১১টা – বিকেল ৫টা।

<u>উইন্টার ব্রেক অ্যাট দা মিউজিয়াম</u>

সোমবার ডিসেম্বর ২৬ – শুক্রবার ডিসেম্বর ৩০, দুপর ১টা – ৩টে

বিল্ডিং এ, স্টাটেন আইল্যান্ড মিউজিয়াম অ্যাট স্নাগ হারবার, ১০০০ রিচমণ্ড টেরাস,
স্কুলের ছুটির সময় ইচ্ছে মতো সময় করে কাজকর্ম বা খেলাধুলা করতে আনন্দ পাবেন, যার মধ্যে অন্তরভুক্ত হবে গল্পেরবই পড়ে শোনানো, পরিবারদের প্রমোদভ্রমণ এবং শিল্পকলার কাজকর্ম।

*<u>রবীন্স রীফ লাইটহাউসঃ এ হোম ইন দা হারবার</u>*

এখন দেখাচ্ছে আর পুরো ২০১৬ সাল ধরে দেখাবে

নোবেল মারিটাইম কালেকশন

স্নাগ হারবার কালচারাল সেন্টার এবং বোটানিক্যাল গার্ডেন, ১০০০ রিচমণ্ড টেরাস, বিল্ডিং ডি,

দা ইউ এস ডিপার্টমেন্ট অফ জেনারাল সার্ভিস লাইটহাউসের দলিলপত্র মিউজিয়ামকে ২০১০ সালে প্রদান করেছে। ১৮৩৯ সালের তৈরি, এইটি কিল ভান কুলএর মাথায় অবস্থিত, স্টাটেন আইল্যান্ডের উত্তর তীরের বাইরে। প্রদর্শনীতে অন্তর্ভুক্ত আছে লাইট হাউসের ইতিহাস, বিশেষ করে তার সবচেয়ে বিখ্যাত রক্ষকের সময়ের কথা, যাঁর নাম কেট ওয়াকার (১৮৪৮ – ১৯৩১), এইটির বর্তমানে স্বেচ্ছাসেবকদের দ্বারা পুনরুদ্ধারের প্রণালী, এবং প্রকাশিত আছে এক ডজনের উপর সমসাময়িক শিল্পীদের ব্যাখ্যা।

<u>ওয়াটার এন্ড লাইট</u>

এখন দেখাচ্ছে আর ডিসেম্বরের ৩০ তারিখ অবধি দেখাবে

বিল্ডিং ১১, ২০০ দা প্রোমনাদ অ্যাট লাইটহাউস পয়েন্ট
দা ন্যাশেনাল লাইটহাউস, জেফির আর্ট গ্রুপ দ্বারা পরিবেশিত, একটি আসল অননুদিত শিল্প প্রদর্শনী নিয়ন্ত্রণ করবে, জল এবং আলোর বিষয়টি বিশ্লেষণ করে। প্রদর্শনীটি দেখা যেতে পারে মিউজিয়ামের কাজের সময় মঙ্গলবার – রবিবার, সকাল ১১টা থেকে বিকেল ৪টে।

<u>সেকেন্ড সানডে ওপেন মাইক অ্যাট এস আই সি সি-স গ্যালারিঃ আর্ট অন দা টেরাস</u>

রবিবার ৮ই জানুয়ারী, দুপুর ৩টে থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত

স্টাটেন আইল্যান্ড ক্রিয়েটিভ কমিউনিটি পরিবেশন করছে সেকেন্ড সানডে লিটেরারি ওপেন মাইক, প্রতি দ্বিতীয় রবিবার আমাদের নতুন গ্যালারিতে, ৭৭৬ রিচমণ্ড টেরাস-এ। বিনামূল্যে, সব বয়সের লোকেরাই আমন্ত্রিত।

ইন-আইল্যান্ডঃ স্টাটেন আইল্যান্ড ফোটোগ্রাফস এডওয়ার্ড কোপ্পোলা দ্বারা

এখন দেখাচ্ছে আর জানুয়ারী ১৫ তারিখ অবধি দেখাবে

ওয়্যাগ্নার কলেজ গ্যালারি, ইউনিইয়ন বিল্ডিং, ৬৩১ হাওয়ার্ড আভেন্যু

ওয়্যাগ্নার কলেজ গ্যালারি পরিবেশন করছে "ইন-আইল্যান্ডঃ স্টাটেন আইল্যান্ড ফোটোগ্রাফস", এডওয়ার্ড কোপ্পোলার একটি একাকী প্রদর্শনী। কোপ্পোলা স্টাটেন আইল্যান্ডের ঘরোয়া স্বদেশীয় স্থাপত্যের উল্লেখ করেছেন আর খুঁজে পেয়েছেন উদ্দীপনা হাস্যরস, সৌন্দর্য, এবং ঘরবাড়ি ও আঙ্গিনায় দৈনন্দিন প্রাকৃতিক দৃশ্যের মাধ্যমে। গ্যালারির সময়ঃ মঙ্গলবার – শনিবার, সকাল ১১টা – বিকেল ৪টে, বৃহস্পতিবার সকাল ১১টা – বিকেল ৭টা অথবা এপয়েন্টমেন্টের দ্বারা

সিটিজেন্স কমিটি অফ এন ওয়াই সি – নেইবারহুড গ্রান্টসঃ কমিউনিটির প্রকল্পের জন্য $৩,০০০ পর্যন্ত

সিটিজেন্স কমিটি, আমদের *নেইবারহুড গ্রান্টস* –এর মাধ্যমে, সারা শহরের কমিউনিটী এবং স্কুলগুলোর নানা প্রকল্পে কাজ করার জন্য, আবাসিক নেতৃত্বাধীন দলদের $৩,০০০ পর্যন্ত ছোটো অনুদান প্রদান করে। আমরা স্বল্প আয়ের এলাকাগুলোকে এবং টাইটেল 1 সরকারি স্কুলগুলোর উপর ভিত্তি করে গ্রুপগুলোকে অগ্রাধিকার দিই।

স্টাটেন আইল্যান্ড সেইসিয়ানঃ প্রেম পত্র এবং লোকগাথা

রবিবার ৫ই ফেব্রুয়ারী

স্টাটেন আইল্যান্ড আর্টস আপনাকে আপনার বেহালা নিয়ে এবং ট্যাপ জুতো পড়ে বুনিয়াদি আয়ারিশ সুরের সাথে নাচ করতে আমন্ত্রন জানাচ্ছে। দা সেইসিয়ানস, প্রতিষ্ঠাতা ও স্থানীয় মান্য, লিন্ডা হিকম্যান, ডাগ্লাস বার, এবং বাব রাইটের নেতৃত্বে, সঙ্গীতজ্ঞ এবং সঙ্গীত প্রেমীদের একটি বিকালে সঙ্গীত চর্চার সুযোগ দেয় এবং মঞ্চের উপরে এবং বাইরে অন্তরঙ্গতার বিনিময় করার সুযোগ দেয়। সেইসিয়ানস বৈঠক বসে প্রতি মাসের প্রথম রবিবার এবং মনোনিবেশ করে আয়ারল্যান্ডের পশ্চিম উপকূলের ঐতিহ্য ও ঘরানার উপর, বিশেষ করে পূর্ব গালওয়ে এবং ক্লেয়ার।